

AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date: 03.11.2024

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবরঃ-

১/ কলকাতার পাঁচ মেডিকেল কলেজের পর এবার গোটা রাজ্যে ‘সেন্ট্রাল রেফারেল সিস্টেম’ চালু করার উদ্যোগ নেওয়া হচ্ছে।

২/ প্রকৃত ভূমিহীনদের জমির ব্যবস্থা করে ‘আবাস যোজনা’ প্রকল্পে পাকা বাড়ি তৈরি করে দেওয়া হবে বলে রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছে।

৩/ আজ ভাতৃদ্বিতীয়া। # RG Kar কাণ্ডের প্রেক্ষিতে বোনেদের সুরক্ষা দেবার প্রশ্নটি এবারের ভাইফোঁটায় বিশেষ গুরুত্ব পেয়েছে। # রাজ্যপাল বলেছেন, মহিলাদের সমঅধিকারের লড়াইতে তিনি সবসময় পাশে রয়েছেন।

৪/ বীরভূমের কঙ্কালিতলা পঞ্চায়েতের এক তৃণমূল কংগ্রেস সদস্যকে পিটিয়ে খুন করার অভিযোগ উঠেছে।

কলকাতার পাঁচ মেডিকেল কলেজের পর এবার গোটা রাজ্যে কেন্দ্রীয়ভাবে রোগী রেফার করার ব্যবস্থা বা সেন্ট্রাল রেফারেল সিস্টেম চালু করার উদ্যোগ নেওয়া হয়েছে। এর জন্য প্রয়োজনীয় পরিকাঠামো তৈরিতে রাজ্য সরকার সব জেলাশাসক ও জেলার স্বাস্থ্য আধিকারিকদের কাছ থেকে সুস্পষ্ট প্রস্তাব চেয়েছে। দক্ষিণ ২৪ পরগনায় এই নতুন ব্যবস্থার পাইলট প্রকল্পের সাফল্যের উপর ভিত্তি করে সারা রাজ্যে এই ব্যবস্থা চালু করা হবে। এর আগে জেলার হাসপাতালগুলির পরিকাঠামো

ঢেলে সাজানোর উদ্যোগ নেওয়া হয়েছে। জাতীয় অর্থ মিশনের টাকা ব্যবহার করে এর পরিকাঠামো উন্নয়নের কাজ হবে। জেলা, মহকুমা হাসপাতাল ও প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রগুলির পরিকাঠামোর উন্নতি করা হচ্ছে। এই সব হাসপাতালে সর্বক্ষণ চিকিৎসক, নার্স, স্বাস্থ্যকর্মী যাতে থাকেন সেজন্য আবাসন তৈরির ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে। যাতে দূরবর্তী জেলার কোনও রোগীকে চিকিৎসার জন্য খুব কঠিন পরিস্থিতি ছাড়া সরাসরি কলকাতার কোনও হাসপাতালে রেফার না করা হয়। বরং তাঁদের মহকুমা হাসপাতাল, জেলা হাসপাতাল, সুপার স্পেশালিটি হাসপাতাল বা জেলায় থাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসা করাতে হবে।

এজন্য জেলার সব হাসপাতালে শয্যা সংখ্যা বাড়ানোর পাশাপাশি অপারেশন থিয়েটার, হাসপাতালে লিফট, চিকিৎসকদের বিশ্রাম কক্ষ, শৌচালয়, বিশুদ্ধ পানীয় জল, পর্যাপ্ত আলোর সুনির্দিষ্ট প্রস্তাব পেশ করতে বলা হয়েছে। এই সব হাসপাতালে বিশেষজ্ঞ চিকিৎসক ও মেডিক্যাল অফিসারদের বসার উপযুক্ত রুমের প্রস্তাবও পাঠাতে বলা হয়েছে।

রাজ্য সরকার, প্রকৃত ভূমিহীনদের জমির ব্যবস্থা করে আবাস যোজনা প্রকল্পে পাকা বাড়ি তৈরি করে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। আবাস যোজনা প্রকল্পে জমা পড়া আবেদনপত্রগুলি যাচাই করতে গিয়ে বেশ কিছু আবেদনকারীর নিজস্ব কোনো জমি না থাকার বিষয়টি উঠে আসে। সেক্ষেত্রে ভূমিহীনদের জমির পাট্টা প্রদান করে বাড়ি তৈরির জন্য মোট ১ লক্ষ কুড়ি হাজার টাকা তুলে দেওয়া হবে। নিজস্ব জমি নেই এমন ভূমিহীনদের চিহ্নিত করে অতিরিক্ত জেলাশাসক ও ডিএলএলআরও র কাছে তার তালিকা জমা দিতে বলা হয়েছে। একজন ভূমিহীনকে দেড় থেকে সর্বাধিক দুই কাঠা পর্যন্ত জমি দেওয়ার বিষয় ভাবনা চিন্তা করা হচ্ছে। আবেদনপত্র যাচাই পর্ব সঠিকভাবে হচ্ছে কিনা তা সরেজমিনে খতিয়ে দেখতে পঞ্চায়েত মন্ত্রী প্রদীপ মজুমদার আগামীকাল থেকে বিভিন্ন জেলা পরিদর্শন করবেন বলে সূত্রের খবর।

দক্ষিণ কলকাতার বাঘাঘাট এলাকায় মদ্যপান ও মেয়েদের কটুভির প্রতিবাদ করায় একটি ক্লাবে ভাঙচুরের অভিযোগ উঠেছে দুষ্কৃতিদের বিরুদ্ধে।

গতরাতের এই ঘটনায় অন্তত ১২ জন আহত হয়েছেন। পুলিশ ইতোমধ্যেই তিন জনকে গ্রেপ্তার করেছে। বাকিদের সন্ধানে তল্লাশি চলছে।

জানা গেছে, ঐ এলাকায় প্রতিদিনই কয়েকজন দুষ্কৃতি প্রকাশ্যে মদ্যপান করে। নানারকম কটুক্তিও করা হয় মহিলাদের উদ্দেশে। বিদ্যাসাগর পল্লী ক্লাবের সদস্যরা এর প্রতিবাদ করায় গতরাতে সেখানে চড়াও হয়ে ব্যাপক ভাঙচুর চালানো হয় বলে অভিযোগ। মারধর করা হয় ক্লাবের সদস্যদের। এলাকায় পুলিশ পিকেট বসানো হয়েছে।

দক্ষিণ ২৪ পরগণার কসবার হালতুতে গতরাতে স্থানীয় ক্লাবে দুষ্কৃতিদের হামলার প্রতিবাদ করতে গিয়ে এক দম্পতিকে ব্যাপক মারধোর খেতে হয়েছে।

দুষ্কৃতিরা ভাঙচুর ও লুটপাট করতে গেলে ওই দম্পতি বাধা দেয়। এতে সমীরণ ও মৌ সাহা নামে ওই দম্পতিকে প্রচণ্ড মারধোর করা হয়।

পুলিশ ঘটনার তদন্ত করছে।

হাওড়ার উলুবেড়িয়ার তাঁতিপাড়ায় গতকাল গভীর রাতে একটি বাড়িতে বিস্ফোরণের ঘটনায় বাড়ির মালিক জনৈক শ্যামল মল্লিককে গ্রেপ্তার করা হয়েছে। ওই বাড়িতে জমা রাখা বাজি থেকেই এই বিস্ফোরণ ঘটেছে বলে পুলিশের প্রাথমিক অনুমান। বিস্ফোরণের তীব্রতায় আশপাশের বাড়িতেও ফাটল দেখা দিয়েছে।

আগামীকাল ধৃতকে আদালতে পেশ করা হবে।

উত্তর ২৪ পরগণার গাইঘাটা থানার শিমুলপুর এলাকায় নাবালিকা ধর্ষনের অভিযোগে ধৃত সুজিত পাল ওরফে বাবুসোনাকে আজ বনগাঁ মহকুমা আদালতে তোলা হলে চার দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন বিচারক। সুজিত, শিমুলপুর গ্রাম পঞ্চায়েতের প্রাক্তন উপপ্রধান, তৃণমূল কংগ্রেস নেত্রী পপি দেবের ভাইপো বলে খবর।

আগেই জানানো হয়েছে, গত শুক্রবার সন্ধ্যায় টিউশন থেকে বাড়ি ফেরার পথে নাবালিকাকে তুলে নিয়ে গিয়ে প্রতিবেশী যুবক সুজিত ধর্ষণ করে বলে অভিযোগ। এরপর গতকাল দুপুরে ওই স্কুল ছাত্রী আত্মহত্যার চেষ্টা করলে ঘটনা প্রকাশ্যে আসে।

এদিকে, ধর্ষণে দোষী সাব্যস্তকে ফাঁসীর দাবীতে আজ সন্ধ্যায় গাইঘাটার ঠাকুরনগর বাজার এলাকায় বিজেপি প্রতিবাদ মিছিল বের করে। রাজ্য সরকারের অকর্মণ্যতায় বারবার এমন ধর্ষণের ঘটনা ঘটছে বলে তাদের অভিযোগ।

আজ ভ্রাতৃত্বদ্বিতীয়া। কার্তিক মাসের শুক্লপক্ষের দ্বিতীয়া তিথিতে বাংলার ঘরে ঘরে পালিত হয় ভ্রাতৃত্বদ্বিতীয়া। ভাইদের মঙ্গল ও দীর্ঘায়ু কামনায় বোনেরা তাঁদের কপালে চন্দন ও দই-এর ফোঁটা দেন। চলে মিষ্টিমুখ ও উপহার বিনিময়ের পালা। অনেকের বাড়িতে গতকাল প্রতিপদেও ফোঁটার আয়োজন করা হয়। বাজারে সবজি, মাছ মাংসের অগ্নিমূল্য সত্ত্বেও সাধ্যমত আয়োজন করা হয় ভুঁড়িভোজের। বিভিন্ন হোটেল রেস্তোঁরাতেও ভিড় লক্ষ্য করা যায়।

রাজ্যপাল সি ভি আনন্দ বোস আজ রাজভবনে এক অনুষ্ঠানে তৃতীয় লিঙ্গ, যৌন কর্মী, অ্যাসিড আক্রান্ত বোনদের কাছে ফোঁটা নেন। পরে সাংবাদিকদের তিনি বলেন, সাধারণের অধিকার ও নিরাপত্তা রক্ষায় রাজ্য সরকার উদাসীন। মহিলাদের সমান অধিকারের লড়াইতে সবসময় পাশে রয়েছেন বলে আশ্বাস দেন তিনি।

(বাইট- রাজ্যপাল)

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বাড়িতে প্রতিবছরের মতো এবারও ভাইফোঁটায় দলীয় শীর্ষ নেতৃবৃন্দের অনেকেই দলনেত্রীর কাছে ফোঁটা নিতে আসেন। সুব্রত বক্সী, ফিরহাদ হাকিম, জাভেদ খান, অরুণ বিশ্বাস, রাজীব বন্দ্যোপাধ্যায় সহ দলের অনেক নেতাকেই সকাল থেকে কালীঘাটে মুখ্যমন্ত্রীর বাসভবনে যাওয়া-আসা করতে দেখা যায়।

দক্ষিণ কলকাতার টালিগঞ্জের বাঁশদ্রোণীতে নবনীড় বৃদ্ধাশ্রমে প্রতিবারের মতো এবছরও সাড়ম্বরে পালিত হয়েছে ভাইফোঁটা। সেখানে দিদিদের কাছ থেকে ফোঁটা নেন মন্ত্রী অরুণ বিশ্বাস।

পুর ও নগরোন্নয়ন মন্ত্রী, মেয়র ফিরহাদ হাকিম, আজ দক্ষিণ কলকাতার একটি ক্লাবের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে বোনেদের কাছে ফোঁটা নেন।

পূর্ব বর্ধমান জেলার জামালপুরে তৃণমূল কংগ্রেসের দলীয় কার্যালয়ে ভাইফোঁটার আয়োজন করা হয়। ১৩টি অঞ্চল থেকে প্রায় ১০০ জন সদস্য এতে অংশ নেন।

বাঁকুড়ার তালডাংরা বাজারে বিজেপির তরফে আজ গণ ভাইফোঁটার আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন দলের নেত্রী লকেট চট্টোপাধ্যায়, প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী ডাক্তার সুভাষ সরকার সহ অন্যান্য নেতৃবৃন্দ। বিজেপির নেতা কর্মী ও সমর্থকদের কপালে ফোঁটা দিয়ে লকেট বলেন, ভাইদেরই দায়িত্ব বোনের সুরক্ষা নিশ্চিত করা।

অন্যদিকে, ভাইফোঁটা উপলক্ষ্যে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, বোনেদের সুরক্ষা দিতে যুবাদের শপথ নেবার আবেদন জানিয়েছেন। প্রবীন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, মহিলাদের নিরাপত্তা দিতে ও সমাজকে অপরাধী মুক্ত করতে প্রশাসনকে আরো শক্ত হতে হবে।

উত্তর দিনাজপুরের রায়গঞ্জে সূর্যোদয় স্কুলে ভাইফোঁটা পালন করে মূক ও বধির পড়ুয়ারা।

নদীয়ার কৃষ্ণনগরের গেদে আন্তর্জাতিক সীমান্তে আজ স্থানীয় বাসিন্দারা BSF জওয়ান ও পদস্থ কর্তাদের ফোঁটা দেন। তুলে দেওয়া হয় মিষ্টি ও উপহার। জেলার বিরোধীতে হিন্দু-মুসলিম ভাইবোনেরা পরস্পরকে ফোঁটা দিয়ে দিনটি উদযাপন করেন।

উত্তর ২৪ পরগণার বসিরহাটের ঘোজাডাঙ্গা সীমান্তেও BSF জওয়ানদের ফোঁটা দেন এলাকার বোনেরা।

সুন্দরবন, সাগর ও নামখানায় মহিলারা গাছের গায়ে ফোঁটা দিয়ে ম্যানগ্রোভ রক্ষার শপথ গ্রহণ করেন।

পশ্চিম মেদিনীপুরের ঘাটালের দুর্বারপল্লীর মহিলাদের কাছে আজ ফোঁটা নেন মহকুমা শাসক সুমন বিশ্বাস। তাঁদের হাতে তুলে দেওয়া হয় নানা উপহার সামগ্রী।

উত্তরবঙ্গের ডুয়ার্স ও পাহাড়ের নেপালী সম্প্রদায়ের মানুষরা আজ ভাই টিকা উদযাপন করেন। ভাই-এর কপালে বিভিন্ন রঙের টিকা দেন তাঁরা।

ছটপুজো উপলক্ষ্যে আসানসোল ও পাটনার মধ্যে বিশেষ ট্রেন চালাচ্ছে পূর্ব রেল। রেলের দেওয়া তথ্য অনুসারে, আসানসোল - পাটনা স্পেশাল আগামীকাল আসানসোল থেকে সকাল ১০ টা ৪০ মিনিটে ছাড়বে। অন্যদিকে, পাটনা - আসানসোল স্পেশাল পাটনা থেকে ছাড়বে রাত তিনটে ১৫ মিনিটে। পথে এই ট্রেন চিত্তরঞ্জন, জামতারা, মধুপুর, জসিডি, ঝাঝা, কিউল, মোকামা, বখতিয়ারপুর, পাটনা সাহিব, এবং রাজেন্দ্রনগর স্টেশনে থামবে।

বিভিন্ন ক্ষেত্রে অনিয়মের অভিযোগ ওঠায় রাজ্য সরকার পর্যটন কেন্দ্রগুলির নথিভুক্ত ‘হোম স্টে’-র পরিস্থিতি খতিয়ে দেখবে। হোম স্টে তৈরীর জন্য উৎসাহ দিতে এবং তার পরিঠামো উন্নয়নে রাজ্য সরকার যে টাকা দেয়, সেটা অন্য খাতে ব্যবহার করা, হোম স্টে গুলিকে লিজে দেওয়া কিংবা সেখানে বেআইনভাবে হোটেল ব্যবসা চালানোর মতো অনিয়মের অভিযোগ পাওয়া গেছে।

এর প্রেক্ষিতে পর্যটন সচিব নন্দিনী চক্রবর্তী হোম স্টে-গুলি নিয়ে সমীক্ষার নির্দেশ দিয়েছেন।

উল্লেখ্য, রাজ্য সরকার ২০১৭ সালে ‘হোম স্টে’ নীতি তৈরী করে। পরে তাতে কিছু সংশোধন করে আইন তৈরী করা হয়।

নদীয়ার শান্তিপুর্বে কালী প্রতিমা বিসর্জনের শোভাযাত্রা থেকে একজনের বোতলের মদ ছিঁটকে এক মহিলার গায়ে পড়লে উত্তেজনার সৃষ্টি হয়। ওই মহিলার স্বামী তার প্রতিবাদ করলে ওই দম্পতিকে মারধোর করা হয় বলে অভিযোগ। পুলিশ ফাঁড়ির টিলছোঁড়া দূরত্বে এমন ঘটনায় এলাকায় চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। পরে স্থানীয়

যুবকদের মধ্যস্থতায় গন্দোগোলের নিষ্পত্তি হয়। মহিলাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। পুলিশ হাসপাতালে গিয়ে গৃহবধূর সঙ্গে কথা বলে।

বীরভূমের কঙ্কালিতলা পঞ্চায়েতের তৃণমূল কংগ্রেস সদস্য শমীক খান্ডারকে দুষ্কৃতিরা পিটিয়ে খুন করেছে বলে অভিযোগ উঠেছে।

পারুলডাঙ্গা গ্রামের বাসিন্দা শমীক গতরাতে পঞ্চায়েত মিটিং সেরে বাড়ি ফেরার পথে উত্তরনারায়নপুর এলাকায় দুষ্কৃতিরা তাঁর ওপর হামলা চালায়।

স্থানীয় মানুষজন তাঁকে বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে গেলে সেখানেই তাঁর মৃত্যু হয় বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন।

এই ঘটনায় পুলিশ পাঁচজনকে আটক করে জিজ্ঞাসাবাদ করছে।

পুরুলিয়ার রঘুনাথপুর কলেজের দ্বিতীয় বর্ষের এক ছাত্রীর বাড়ির মধ্যে বুলন্ত মৃতদেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। পারুল মন্ডল নামে ওই কলেজ ছাত্রীর বাড়ি কাশিপুর থানার লহাট গ্রামে।

প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান, মানসিক অবসাদ থেকেই মেয়েটি আত্মঘাতী হয়েছে। আজ ময়নাতদন্তের জন্য দেহটি পুরুলিয়ায় নিয়ে যাওয়া হয়েছে।

নদীয়ার ধুবুলিয়ার সিংহাটি মোরে আজ ভোরে দাঁড়িয়ে থাকা লরির গায়ে কন্টেনার ধাক্কা মারলে ঘটনাস্থলেই দুই চালক ও খালাসীর মৃত্যু হয়েছে। নিহতদের দুজন মুর্শিদাবাদের এবং একজন হাওড়ার বাসিন্দা বলে পুলিশ জানিয়েছে।

নদীয়া সুপার Dazzler, আন্তজেলো পুরুষদের সিনিয়র টি-টোয়েন্টি ক্রিকেটের ফাইনালে উঠেছে। মুর্শিদাবাদে আজ সেমি ফাইনালে তারা ছয় উইকেটে জয়ী দক্ষিণ ২৪ পরগনা টাইগারকে হারিয়ে দেয়। দক্ষিণ ২৪ পরগনার ৭ উইকেটে ১৩৪ রানের জবাবে নদীয়া ১৬ ওভার তিন বলে চার উইকেটে প্রয়োজনীয় রান তুলে নেয়।
